মেহেরপুরে বিষ প্রয়োগে মাছ নিধন, চার লক্ষ টাকা ক্ষতি

প্রতিপক্ষের হুমকির একদিন পর সাড়ে তিন বিঘা জমির (জলকর) পুকুরের মাছ মরে ভেসে উঠলো। এতে পুকুর মালিকের প্রায় চার লক্ষ টাকা ক্ষতির আশংকা করছে।

মেহেরপুর সদর উপজেলার সুবিদপুর গ্রামে বাবরপাড়ার মাঠ এলাকায় এই বিষ প্রয়োগ করে মাছ নিধনের ঘটনাটি ঘটেছে।

গতকাল সোমবার (২ ডিসেম্বর) দিবাগত রাতের কোন এক সময় বিষ প্রয়োগের ঘটনা ঘটে।

জানা গেছে, সুবিদপুর গ্রামের বাবরপাড়া এলাকার গোরচাঁদের ছেলে সোহরাব হোসেন গ্রামের মাঠে প্রায় সাড়ে তিন বিঘা জমির পুকুরে মাছ চাষ করেছেন। চলতি মৌসুমে প্রায় সাড়ে সাত মণ মাছের পোনা অবমুক্ত করেন তিনি। গতকাল সোমবার দিবাগত রাতের কোন এক সময় দুর্বৃত্তরা পুকুরে বিষ প্রয়োগ করলে সমস্ত মাছ মরে ভেসে ওঠে।

আজ মঙ্গলবার (৩ ডিসেম্বর) সকালে পুকুর মালিক পুকুর দেখতে গিয়ে মাছ মরে ভেসে থাকতে দেখেন।

সোহরাব হোসেন বলেন, সুবিদপুর জোলপাড়া এলাকার উজ্জল হোসেন নামের এক ব্যক্তি আমাকে হুমকি দেওয়ার পরদিন পুকুরে বিষ প্রয়োগের ঘটনা ঘটলো। এতে চার লক্ষাধিক টাকার ক্ষতি হয়েছে বলে জানান তিনি।

মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আমানুল্লাহ আল বারী জানান, এ বিষয়ে এখনও কেউ অভিযোগ করেনি। অভিযোগ পেলে, তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা নেয়া হবে।